

# মুন্সিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট এ সফলভাবে সিএসই কনফারেন্স 2019 অনুষ্ঠিত

দ্বারা সোহাগ আলী - November 17, 2019



## সোহাগ আলী, মুক্ত বাংলা টিভি:

আজ রবিবার(17-11-2019) সকাল 8:00 টা হতে মুন্সিগঞ্জ জেলার মিরকাদিম পৌরসভার কমলাঘাট এ অবস্থিত মুন্সিগঞ্জ সরকারী পলিটেকনিক ইন্সটিটিউট এ তথ্য প্রযুক্তিতে ছাত্র-ছাত্রীকে দক্ষ করে তোলার লক্ষ্যে এবং ক্যারিয়ার সম্পর্কে গাইড লাইন বিষয়ক

CSE Conferenes এর কার্যক্রম শুরু হয়।

বাংলাদেশকে ডিজিটাল করতে আইসিটি বিষয়ে যুবকদের দক্ষ ও আগ্রহী করে তুলতে পারলেই কেবল উন্নত দেশগুলোর মতো বাংলাদেশকেও উন্নত করা সম্ভব।

Alpha Net কোম্পানি কর্তৃক আজকের আয়োজিত কনফারেন্স এর কার্যক্রম সমূহ তুলে ধরা হলো:

কম্পিউটার এর ব্যাসিক শিক্ষাসহ, ওয়েব সাইট ডিজাইন ডেভেলোপম্যান্ট, প্রোগ্রামিং, মাল্টিমিডিয়া, গ্রাফিক্স, ডাটাবেজ, মোবাইল এপস, ভিডিও ইডিটিং ইত্যাদি নানা বিষয় শিখানো ও বুঝানো হয় এবং একজন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারকে দক্ষ করে তুলতে যেসব গাইডলাইন ও টুলস প্রয়োজন সেসব কিছুই বিস্তারিত মাল্টিমিডিয়া প্রজেক্টর এর মাধ্যমে দিনব্যাপী ক্লাস নেন দক্ষ কয়েকজন ট্রেনার।

এছাড়াও কীভাবে কী নিয়ম মেনে চললে আগামীতে একজন দক্ষ আইসিটি ইঞ্জিনিয়ার ও নিজেকে কীভাবে সফল করা যায়, কীভাবে ভালো জায়গায় জব পাওয়া যাবে তা বিস্তারিত এই কনফারেন্স এ বলা হয়।।

এই কনফারেন্স এর কার্যক্রম এ উপস্থিত ছিলেন CSE Conferense এর সিইও(CEO) মোঃ ইসরাফিল, ট্রেনার রায়হানুল আমিন।

এছাড়াও মুন্সিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট এর মাননীয় অধ্যক্ষ মোঃমিজানুর রহমান, কম্পিউটার ডিপার্টমেন্ট প্রধান মোঃ আলাউদ্দিন, আইপিসিটি ও ইলেক্ট্রনিক্স ডিপার্টমেন্ট প্রধান, অত্র ইন্সটিটিউট এর ছাত্র-ছাত্রীবৃন্দ সহ অন্যান্যরা।

সারাদিন ব্যাপী কনফারেন্স সফল ভাবে শেষ করে ছাত্রছাত্রীদের মাঝে সনদ তুলে দেন সিএসই কনফারেন্স এর সিইও মোঃ ইসরাফিল , অত্র ইন্সটিটিউটের অধ্যক্ষ মোঃ মিজানুর রহমান ও অন্যান্য উপস্থিত শিক্ষকবৃন্দ।